



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
(আইসিটি সেল)
www.pirojpur.gov.bd



স্মারক নম্বর: ০৫.১০.৭৯০০.০২১.১৮.০০৫.১৮.

তারিখ: আশ্বিন ১৪২৯
অক্টোবর ২০২২

বিষয়ঃ জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণ

মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০১.২১.২০৬, তারিখ : ২১ সেপ্টেম্বর ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিশ্বের বৃহত্তম সরকারি ওয়েবপোর্টাল জাতীয় তথ্য বাতায়ন (www.bangladesh.gov.bd) একটি গুরুত্বপূর্ণ সংযোজন। সেবা গ্রহীতাগণ আপনার দপ্তরের তথ্য ও অন্যান্য সেবার জন্য জাতীয় তথ্য বাতায়ন ব্যবহার করে থাকেন। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েবপোর্টালসমূহ যথাযথভাবে নিমিত ও তাৎক্ষণিক হালনাগাদ না করায় একদিকে যেমন সেবা গ্রহীতাগণ ঠিকমত তথ্য/সেবা পাচ্ছে না অন্যদিকে তেমনি ডিজিটাল বাংলাদেশ গঠনে এ পর্যন্ত অর্জিত সুনাম ক্ষুন্ন হওয়ার সম্ভাবনা রয়েছে। বিশেষ করে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের অফিসসমূহের ওয়েব পোর্টালগুলো নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদকরণে অনীহা দেখা যাচ্ছে।

এমতাবস্থায়, তাঁর দপ্তর এবং আওতাধীন অফিসসমূহের ওয়েব পোর্টাল আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে পূর্ণাঙ্গ হালনাগাদসহ নিয়মিতভাবে হালনাগাদকরণের প্রয়োজীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য অনেক সংস্থা থেকে ওয়েবপোর্টাল সার্বক্ষণিক পর্যবেক্ষণ করা হচ্ছে। সেহেতু বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

R/m
২০/১০/২২
মাধবী রায়

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
পিরোজপুর।
☎ ০৪৬১-৬৩৪৮৮

- ১।
-
-
- ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
..... পিরোজপুর।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে।

- ১। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ২। সহকারী কমিশনার (গোপনীয়), পিরোজপুর। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পিরোজপুর সদর